

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৯. যে ব্যক্তি ফাতওয়া প্রদানে ভয় পান এবং অধিক বাড়াবাড়ি করা ও বিদ'আত বা নতুন মত প্রবর্তন করাকে অপছন্দ করেন

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا وَكَرِهَ التَّنَطُّعَ وَالتَّبَدُّعَ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، حَدَّنَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، وَيَزِيدُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي مُلَيْكَةَ، عَنِ الْقَاسِمِ، عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، قَالَتْ: تَلَا رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ (هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابِ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ عَلَيْهِ وَسَلَّمَ (هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابِ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخرُ مُتَشَابِهَاتٌ) [آل عمران: 7]، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا رَأَيْتُمُ الَّذِينَ يَتَبْعُونَ مَا تَشَابَهَ مِنْهُ فَاحْذَرُوهُمْ

حديث متفق عليه

বাংলা

১৪৭. আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম তেলাওয়াত করলেন,

অর্থঃ তিনিই তোমার প্রতি গ্রন্থ অবতীর্ণ করেছেন, যাতে সুস্পষ্ট অকাট্য আয়াতসমূহ রয়েছে-ওগুলো গ্রন্থের মূল এ ব্যতীত কতিপয় আয়াত অস্পষ্ট; (সুরা আলে ইমরান, ৩ : ৭)

তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'তোমরা যে সকল লোকদেরকে কুরআনের মুতাশাবিহা আয়াতসমূহের পেছনে ছুটতে দেখবে,তোমরা তাদের থেকে সাবধান থাকবে।'[1]

ফুটনোট



[1] তাহকীক্ব: হাদীসটি বুখারী-মুসলিমে বর্ণিত। (মুহাকিক্ব বুখারী মুসলিমে বর্ণিত হওয়ায় হাদীসটির কোন হুকুমই উল্লেখ করেননি। কেনন, বুখারী-মুসলিমের সকল হাদীস সহীহ হওয়ার বিষয়ে সকল যুগে সকল বিশেষজ্ঞ আলিমগণ একমত পোষণ করেছেন।- অনুবাদক)

তাখরীজ: বুখারী, আস সহীহ, কিতাবুত তাফসীর, ৪৫৪৭; মুসলিম, আস সহীহ, কিতাবুল ইলম ২৬৬৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন